অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/22/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লং আইল্যান্ডে, নতুন হাইপারস্কেল ডেটা সেন্টারের ওপর প্রথম স্টেট ব্যাপী স্থগিতাদেশের বিষয়টিকে তুলে ধরলেন, পাশাপাশি সমর্থন বৃদ্ধি পাওয়া অব্যাহত রয়েছে

করদাতাদের, পরিবেশ এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা দেবে এমন দেশসেরা নিয়ন্ত্রণমূলক কাঠামো প্রতিষ্ঠা করা হবে

এক বছরের এই সাময়িক বিরতি নিশ্চিত করবে যাতে ট্রান্সমিশন ও অবকাঠামো নির্মাণের খরচ নিউ ইয়র্কবাসীদের বহন করতে না হয়

তৈরি হবে নিউ ইয়র্ক স্টেট ডেটা সেন্টার কমিউনিটি ইনভেস্টমেন্ট ফ্রেমওয়ার্ক, নতুন উন্নয়ন প্রকল্প থেকে স্থানীয় এলাকাগুলো যেন মিলিয়ন মিলিয়ন ডলারের সুবিধা পেতে পারে তা নিশ্চিত করা হবে

পুরো স্টেট জুড়ে বিশাল ডেটা সেন্টারগুলোর জন্য বিদ্যমান বিক্রয় কর অব্যাহতি বাতিল করতে গভর্নর আইন প্রণয়নের উদ্যোগ নেবেন

কমিউনিটির বিনিয়োগের ফ্রেমওয়ার্কের নীতিমালার সংক্ষিপ্ত বিবরণ এখানে পাওয়া যাবে

এক্সিকিউটিভ অর্ডারের কপি এখানে পাওয়া যাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে লং আইল্যান্ডের স্টেট, ব্যবসা এবং স্থানীয় নেতাদের নিয়ে একটি গোলটেবিল বৈঠকের আয়োজন করেছেন যেখানে নতুন হাইপারস্কেল ডেটা সেন্টারের বিষয়ে দেশের প্রথম সাময়িক স্থগিতাদেশ তৈরি করা তার এক্সিকিউটিভ অর্ডার নিয়ে আলোচনা হয়েছে, যা ডেটা সেন্টার নির্মাণের ক্ষেত্রে সবথেকে কঠোর মানদণ্ড প্রতিষ্ঠা করে এবং স্থানীয় অঞ্চলকে সমর্থন করার একটি ব্লুপ্রিন্ট তৈরি করে। স্টেটের গ্রাহক, পরিবেশ, পাওয়ার গ্রিড এবং বিভিন্ন অঞ্চলের জনগোষ্ঠীকে সুরক্ষা দিতে একটি দেশসেরা নিয়ন্ত্রক কাঠামো প্রণয়নের উদ্দেশ্যে গভর্নর সাময়িকভাবে সর্বোচ্চ এক বছরের জন্য স্টেটের পরিবেশগত ছাড়পত্র বা পারমিট প্রদান স্থগিত রাখছেন।

"স্টেট জুড়ে বিভিন্ন এলাকায় গিয়ে যখন আমি স্থানীয় নেতৃবৃন্দ, ব্যবসায়ী এবং নির্বাচিত জনপ্রতিনিধিদের কথা শুনি, তখন আমার সেই সুনিশ্চিত করার দায়িত্বের কথা মনে পড়ে যে, নিউ ইয়র্কবাসীরা যেন এমন সব বিশাল ডেটা সেন্টারের কারণে ক্রমবর্ধমান ইউটিলিটি খরচের ভারে পিষ্ট না হন, যা তারা আদৌ চাননি," গভর্নর **Hochul (**হোকল**)** বলেন। "আমি যে স্থগিতাদেশে স্বাক্ষর করেছি তা নিশ্চিত করছে যে আমরা এমন একটি কাঠামো তৈরি করতে পারি যা নিউ ইয়র্কবাসীদের চাহিদা পূরণ করে — ব্যাস এটুকুই। আমরাই প্রথম এই সাহসী দৃষ্টিভঙ্গি প্রণয়ন করেছি এবং আমরাই প্রথম যারা এই অধিকারটি পাব।"

আজকের গোলটেবিল বৈঠকে অংশগ্রহণকারীরা হলেন:

- NYS সিনেটর Monica Martinez (মনিকা মার্টিনেজ), সভাপতি, কমিটি অন লোকাল গভর্নমেন্ট (D-NY-4)
- NYS অ্যাসেমব্লিমেম্বার Kwani B. O'Pharrow (কোয়ানি বি ও'ফ্যারো) (D-NY-11)
- মেয়র Steven Weinberg (স্টিভেন ওয়াইনবার্গ), থমাসটন ভিলেজ
- টাউন সুপারভাইজার Rich Schaffer (রিচ শ্যাফার), ব্যাবিলন
- Bob Deluca (বব ডেলুকা), প্রেসিডেন্ট, গ্রুপ ফর দ্য ইস্ট এন্ড (Group for the East End)
- Dan Lloyd (ড্যান লয়েড), প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট, মাইনরিটি মিলেনিয়ালস (Minority Millennials)
- Kevin McDonald (কেভিন ম্যাকডোনাল্ড), জ্যেষ্ঠ নীতি উপদেষ্টা দ্য নেচার কনজারভেন্সি (The Nature Conservancy)
- Rosemary Menendez (রোজমেরি মেনেনডেজ), স্বেচ্ছাসেবক, আমেরিকান অ্যাসোসিয়েশন অফ রিটায়ার্ড পার্সনস (AARP)
- Brendan Warner (ব্রেন্ডান ওয়ার্নার), সভাপতি, লং আইল্যান্ড ওয়াটার কনফারেন্স (Long Island Water Conference)
- Bill Zalakar (বিল জালাকার), নির্বাহী পরিচালক লং আইল্যান্ড ফার্ম ব্যুরো (Long Island Farm Bureau)

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul (হোকল) বৃহৎ আকারের ডেটা সেন্টার প্রকল্পগুলির জন্য স্পষ্ট প্রত্যাশা নির্ধারণের পাশাপাশি নিউইয়র্ককে উদ্ভাবনে শীর্ষস্থানে রাখা নিশ্চিত করছেন। কমিউনিটি ইনভেস্টমেন্ট ফ্রেমওয়ার্কের (Community Investment Framework) মাধ্যমে, ESD স্থানীয় নেতাদের শক্তিশালী সামাজিক সুবিধা নিশ্চিত করতে, করদাতাদের সুরক্ষা দিতে এবং অবকাঠামো, কর্মশক্তি উন্নয়ন, শিশু পরিচর্যা ও বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করে এমন অন্যান্য অগ্রাধিকারমূলক খাতে বিনিয়োগ এগিয়ে নিয়ে যেতে সহায়তা করবে।"

কৃত্রিম বুদ্ধিমত্তা এবং অন্যান্য কম্পিউটিং কার্যক্রমের কারণে নিউ ইয়র্ক স্টেটে ডেটা সেন্টার উন্নয়নের চাহিদা অভূতপূর্বভাবে বৃদ্ধি পাচ্ছে। চাহিদা বৃদ্ধির ফলে স্টেট জুড়ে ডেটা সেন্টার নির্মাণ ও পরিচালনার জন্য প্রস্তাবনা এসেছে, যেগুলিতে সহস্রাধিক কম্পিউটার সার্ভার চালানো এবং ঠান্ডা করার জন্য বিপুল পরিমাণ শক্তি এবং জলের প্রয়োজন হতে পারে।

এই বছরের শুরুতে, গভর্নর জনসেবা দপ্তরকে (Department of Public Service , DPS) এনার্জাইজ এনওয়াই (Energize NY) কার্যক্রম শুরু করার নির্দেশ দিয়েছেন, যার ফলে ডেটা সেন্টারগুলিকে হয় তাদের শক্তির জন্য আরও বেশি অর্থ প্রদান করতে হবে অথবা তাদের নিজস্ব শক্তি সরবরাহ করতে হবে, যা স্টেটকে নিউ ইয়র্কবাসীদের জন্য শক্তি আরও সাশ্রয়ী রাখতে সহায়তা করবে। সেই কার্যধারার অংশ হিসেবে, গভর্নর এখন DPS-কে ডেটা সেন্টারগুলির জন্য একটি সাধারণ পরিবেশগত প্রভাব বিবরণী (Generic Environmental Impact Statement, GEIS) তৈরি করার নির্দেশ দিচ্ছেন, যাতে চালু হতে যাওয়া নতুন ডেটা সেন্টারগুলি যেন সামঞ্জস্যপূর্ণ মানদণ্ড মেনে চলে তা নিশ্চিত করা যায়। এই GEIS তৈরির কাজ চলাকালীন, যা সম্পন্ন হতে এক বছর পর্যন্ত সময় লাগবে, একটি স্থগিতাদেশ বলবৎ থাকবে এবং পরিবেশ সংরক্ষণ দপ্তর (Department of Environmental Conservation, DEC) ইতিমধ্যে সম্পূর্ণ বলে বিবেচিত হয়নি এমন কোনো বিবেচনামূলক অনুমতিপত্র জারি করবে না। স্টেটে ডেটা সেন্টার নির্মাণ ও পরিচালনার সম্ভাব্য পরিবেশগত প্রভাব, যার মধ্যে শক্তির চাহিদা, জলের ব্যবহার ও গুণমান এবং বায়ুর গুণমানের উপর এর প্রভাব অন্তর্ভুক্ত, তা মূল্যায়ন করতে স্টেট GEIS ব্যবহার করবে। একবার স্টেট এই মানদণ্ডগুলি চূড়ান্ত করলে, স্থগিতাদেশ তুলে নেওয়া হবে এবং নতুন ডেটা সেন্টার প্রকল্পগুলি স্টেট, জোনিং কোড এবং অন্যান্য স্থানীয় অনুমোদন অনুসরণ করে এগিয়ে যেতে পারবে।

গভর্নর এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD)-কে 60 দিনের মধ্যে একটি কমিউনিটি ইনভেস্টমেন্ট ফ্রেমওয়ার্ক (Community Investment Framework, CIF) জারি করার নির্দেশ দিয়েছেন, যা স্থানীয় সংস্থাগুলিকে কোনও বড় আকারের ডেটা সেন্টার চুক্তির অংশ হিসাবে কমিউনিটির সুবিধাগুলি নিয়ে আলোচনা করতে সহায়তা করার জন্য স্থানীয় অবকাঠামোগত উন্নয়ন, শিশু পরিচর্যায় বিনিয়োগ এবং তাদের কমিউনিটির জন্য সরাসরি আর্থিক সহায়তা সহ স্পষ্ট নির্দেশনা প্রদান করবে। CIF এমন কাঠামোও প্রতিষ্ঠা করবে যা সংগঠিত শ্রমিকদের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় অংশগ্রহণের সুযোগ দেবে এবং অর্থনৈতিক সুবিধা সর্বাধিক করার লক্ষ্যে ডেটা সেন্টার নির্মাণ, স্থানীয় নিয়োগ, শিক্ষানবিশি এবং কর্মশক্তি উন্নয়নের জন্য প্রচলিত মজুরির মানদণ্ড ও প্রকল্প শ্রম চুক্তিকে অগ্রাধিকার দেবে। এই কাঠামোতে অতিরিক্তভাবে একটি সূত্র অন্তর্ভুক্ত থাকবে, যা কমিউনিটিগুলোকে বিনিয়োগের আলোচনা কোথা থেকে শুরু করতে হবে তা মূল্যায়ন করতে সহায়তা করবে। CIF-এর একটি রূপরেখা বর্তমানে ESD-এর ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে এবং জনসাধারণকে মতামত জমা দিতে উৎসাহিত করা হচ্ছে।

এছাড়াও, গভর্নর DPS-কে একটি নিউ ইয়র্ক গ্রিড অ্যাক্সিলারেশন ফান্ড (New York Grid Acceleration Fund) তৈরির বিষয়টি বিবেচনা করার নির্দেশ দিচ্ছেন, যার মাধ্যমে ডেটা সেন্টারগুলিকে স্টেটের পুরোনো গ্রিড পরিকাঠামো এবং শক্তির চাহিদা পূরণে বিনিয়োগ করতে বাধ্য করা হবে, যাতে দায়িত্বশীল উন্নয়নের ফলে সমস্ত নিউ ইয়র্কবাসী উপকৃত হয়। এই তহবিলটি নতুন পরিবেশবান্ধব জ্বালানি সরবরাহ সংগ্রহে সহায়তা করতে পারে এবং একটি বীমা তহবিল প্রতিষ্ঠা করতে পারে, যেখানে ডেভেলপারদের অনিশ্চয়তা সৃষ্টিকারী ও ব্যয় বৃদ্ধিকারী অনুমানভিত্তিক বৃহৎ লোডের বিরুদ্ধে সুরক্ষার জন্য অর্থ প্রদান করতে হতে পারে। DPS ডেটা সেন্টারগুলিকে তাদের কার্যক্রমের জন্য নিবেদিত নতুন পরিবেশবান্ধব বিদ্যুৎ উৎপাদনের জন্য অর্থায়ন করতে বাধ্য করার পদ্ধতিগুলিও বিবেচনা করবে, যার মধ্যে গ্রাহকের অবস্থানে

বিতরণকৃত শক্তি সম্পদ এবং ব্যাটারি স্টোরেজ অন্তর্ভুক্ত থাকবে, তবে এগুলিতেই সীমাবদ্ধ থাকবে না।

অবশেষে, গভর্নর Hochul (হোকল) স্টেট জুড়ে বিশাল ডেটা সেন্টারগুলির জন্য বিক্রয় কর ছাড় বাতিল করার জন্য আইন প্রণয়নের চেষ্টা করছেন।

দায়িত্ব গ্রহণের পর থেকে, গভর্নর Hochul (হোকল) নিশ্চিত করেছেন যে নিউইয়র্ক AI উদ্ভাবন এবং উন্নয়নে দেশে নেতৃত্ব দিচ্ছে। তার 2025 অর্থবর্ষের বাজেটের অংশ হিসেবে, গভর্নর জনকল্যাণে কৃত্রিম বুদ্ধিমত্তা গবেষণাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য একটি দেশের মধ্যে সেরা উদ্যোগ এম্পায়ার AI (Empire AI) চালু করেছেন। এই বছর, তিনি ফিউচারওয়ার্কস কমিশন (FutureWorks Commission) চালু করেছেন, যা কর্মীদের নিরাপত্তা রক্ষার পাশাপাশি সকল নিউ ইয়র্কবাসীর জন্য AI-এর অর্থনৈতিক সুবিধা কাজে লাগানোর লক্ষ্যে নীতি ও বেসরকারি খাতের পদক্ষেপের বিষয়ে পরামর্শ দেবে। এই উচ্চপদস্থ কমিশনটি দেশের শীর্ষস্থানীয় বিশেষজ্ঞ, শ্রমিক অধিকার কর্মী এবং ব্যবসায়ী নেতাদের নিয়ে গঠিত। এর দায়িত্ব হবে গভর্নর Hochul (হোকল)-কে AI রূপান্তর প্রক্রিয়া পরিচালনার বিষয়ে পরামর্শ দেওয়া, যাতে AI-এর সুফল শুধু বৃহৎ কর্পোরেশনগুলোর মধ্যেই নয় — নিউইয়র্কের পরিবার, শ্রমিক এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের মধ্যেও ভাগ করে নেওয়া যায়।

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কবাসীদের অনলাইনে সুরক্ষিত রাখতে এবং নিউ ইয়র্ক স্টেটে নিরাপদ ও দায়িত্বশীল AI ব্যবহার নিশ্চিত করতে দেশের মধ্যে সেরা সুরক্ষা ব্যবস্থাও বাস্তবায়ন করেছেন। উদ্যোগগুলোর মধ্যে রয়েছে:

- সেফ ফর কিডস আইন এবং শিশু তথ্য সুরক্ষা আইন যা শিশুদের জন্য আসক্তিকর ফিডগুলোকে সীমাবদ্ধ করে এবং অনলাইন অবহিত সম্মতি ছাড়া শিশুদের তথ্য সংগ্রহ এবং নগদীকরণ থেকে অপারেটরদের বিরত রাখে।
- AI কম্প্যানিয়ন আইন যা দেশের মধ্যে প্রথমবারের মতো সুরক্ষা কবচ নির্ধারণ করেছে; এটি আত্মক্ষতি সংক্রান্ত ব্যবহারকারীর কথোপকথনগুলোকে মানসিক স্বাস্থ্য সংস্থান বা রিসোর্সের দিকে চালিত করে এবং অস্বাস্থ্যকর আসক্তিমূলক আচরণগুলোকে বাধাগ্রস্ত করে। গভর্নর এআই-জেনারেটেড শিশুদের যৌন নির্যাতনমূলক সামগ্রীকেও (AI-Generated Child Sexual Abuse Material) বেআইনি ঘোষণা করেছেন।
- সম্প্রতি স্বাক্ষরিত সতর্কীকরণ লেবেল বিল অনুযায়ী এখন থেকে সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলোর জন্য প্ল্যাটফর্মটির মানসিক স্বাস্থ্যের ওপর সম্ভাব্য প্রভাব সম্পর্কে সতর্কতা পোস্ট করা বাধ্যতামূলক হবে।
- AI ডিসেপ্টিভ প্র্যাকটিসেস অ্যাক্ট, যা অনুমতি ছাড়া কারো অবয়ব/কণ্ঠস্বরের ব্যবহার এবং অন্তরঙ্গ ছবি ছড়িয়ে দেওয়ার বিরুদ্ধে সুরক্ষাকে আরো জোরদার করে।

এই বছর, অর্থবছর 2027-এর স্টেট বাজেটে গভর্নরের সেফ বাই ডিজাইন আইনটি (Safe by Design Act) পাস করা হয়েছিল। 'সেফ বাই ডিজাইন' এটি নিশ্চিত করে যেন সাধারণ সোশ্যাল মিডিয়া এবং গেমিং প্ল্যাটফর্মগুলোতে শিশুদের জন্য প্যারেন্টাল কন্ট্রোল (অভিভাবকীয় নিয়ন্ত্রণ) সর্বোচ্চ সুরক্ষা স্তরে সেট করা থাকে; যার অর্থ হলো—18 বছরের বেশি বয়সী কোনো অপরিচিত ব্যক্তি শিশুদের সাথে গোপনে যোগাযোগ করতে পারবে না, তাদের সম্পূর্ণ প্রোফাইল দেখতে

পারবে না বা কোনো কনটেন্টে তাদের ট্যাগ করতে পারবে না। লোকেশন সেটিংসও ডিফল্টভাবে বন্ধ থাকবে এবং 13 বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে নতুন কারও সাথে যুক্ত হওয়ার জন্য অবশ্যই অভিভাবকের অনুমতি নিতে হবে। এটি শিশুদের জন্য অনলাইন প্ল্যাটফর্মগুলোতে নির্দিষ্ট কিছু AI চ্যাটবট ফিচার বা সুবিধাও নিষ্ক্রিয় করে এবং অনলাইন গেমিং প্ল্যাটফর্মগুলোতে শিশুদের আর্থিক লেনদেনের ক্ষেত্রে অভিভাবকদের অবশ্যই সীমা নির্ধারণ ও তাদের সন্তানের লেনদেনের ইতিহাস দেখার সুযোগ থাকতে হবে। যদিও এই প্ল্যাটফর্মগুলির মধ্যে অনেকেই শিশুদের জন্য তাদের নিরাপত্তা বৈশিষ্ট্য বাড়িয়েছে, নিউ ইয়র্কে এটি এখন আইন এবং সময়ের সাথে সাথে এই প্ল্যাটফর্মগুলি এটি শিথিল করতে পারবে না।

এছাড়াও, গভর্নর Hochul (হোকল) ডিজিটাল উদ্ভাবন, নিয়ন্ত্রণ, সততা এবং আস্থা (Digital Innovation, Governance, Integrity, and Trust, DIGIT) নামে প্রথম ধরনের একটি অফিস তৈরি করছেন। DIGIT ডিজিটাল সুরক্ষা এবং প্রযুক্তিগত নিয়ন্ত্রণের জন্য একটি কেন্দ্রীয় ও কর্তৃত্বপূর্ণ সংস্থা হিসেবে কাজ করবে, যা নিউ ইয়র্কবাসীদের অনলাইনে সুরক্ষিত রাখতে নতুন নতুন পন্থা উদ্ভাবন করবে এবং তার ধারাবাহিক প্রয়োগ নিশ্চিত করবে। একই সাথে, এটি অত্যাধুনিক উদ্ভাবনকে মূল্যায়ন ও বিনিয়োগকারী একটি স্টেট হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকেও রক্ষা করবে। DIGIT অফিস প্রথমে দায়িত্বশীল AI নিরাপত্তা ও শিক্ষা (The Responsible AI Safety and Education Act, RAISE) আইনে বর্ণিত বৃহৎ অগ্রণী AI ডেভেলপারদের নিয়ন্ত্রণের উপর মনোযোগ দেবে, তাদের নিরাপত্তা ব্যবস্থার ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা আনবে এবং ডেভেলপারদের গুরুতর নিরাপত্তা ঘটনা রিপোর্ট করার জন্য একটি রিপোর্টিং ব্যবস্থা প্রতিষ্ঠা করবে। আইনটি 1 জানুয়ারী, 2027 তারিখে কার্যকর হবে।

স্টেট সিনেটর Monica Martinez (মনিকা মার্টিনেজ) বলেন, "কৃত্রিম বুদ্ধিমত্তা এবং ডেটা সেন্টারগুলি সেই একই সীমিত প্রাকৃতিক সম্পদের উপর চলে যার উপর আমরা সবাই দৈনন্দিন জীবনের জন্য নির্ভর করি। এই শক্তি ও অধিক জল-নির্ভর স্থাপনাগুলোকে অনিয়ন্ত্রিতভাবে চলতে দিলে তা বাসিন্দাদের খরচ বাড়িয়ে দেয় এবং সমগ্র নিউ ইয়র্ক জুড়ে, বিশেষ করে এখানে লং আইল্যান্ডে, জীবনযাত্রার মানকে হুমকির মুখে ফেলে। আমি গভর্নর Hochul (হোকল)-কে নতুন ডেটা সেন্টার নির্মাণের উপর এই এক বছরের স্থগিতাদেশ জারি করার জন্য ধন্যবাদ জানাই, যাতে নিউ ইয়র্ক আমাদের স্টেটের চাহিদা মেটাতে এই প্রযুক্তিগুলির জন্য কীভাবে সর্বোত্তম প্রস্তুতি নেওয়া যায় এবং সেগুলিকে একীভূত করা যায় তা নির্ধারণ করতে পারে।"

অ্যাসেম্বলিমেম্বার Kwani B. O'Pharrow (কোয়ানি বি. ও'ফ্যারো) বলেন, "কৃত্রিম বুদ্ধিমত্তা এবং উদীয়মান প্রযুক্তি নিউ ইয়র্কের জন্য বিপুল সুযোগ নিয়ে আসে, কিন্তু উদ্ভাবন কখনই আমাদের কমিউনিটি, আমাদের পরিবেশ বা শ্রমজীবী পরিবারের ক্ষতির বিনিময়ে হওয়া উচিত নয়। আমি গভর্নর Hochul (হোকল) এর একটি অস্থায়ী স্থগিতাদেশ জারির সিদ্ধান্তকে সমর্থন করি, যতক্ষণ না নিউইয়র্ক একটি দায়িত্বশীল, স্বচ্ছ এবং দেশকে নেতৃত্বদানকারী নিয়ন্ত্রক কাঠামো তৈরি করে।"

ব্যাবিলন টাউনের সুপারভাইজার Rich Schaffer (রিচ শ্যাফার) বলেন, "আমি গভর্নর Hochul (হোকল)-কে নিউ ইয়র্কে বৃহৎ আকারের ডেটা সেন্টারের ভবিষ্যতের বিষয়ে একটি চিন্তাশীল, ভারসাম্যপূর্ণ পন্থা অবলম্বন করার জন্য ধন্যবাদ জানাতে চাই। স্টেট একটি ব্যাপক

পর্যালোচনা চালানোর জন্য নতুন প্রকল্পগুলোকে সাময়িক ভাবে স্থগিত রাখার মাধ্যমে গভর্নর এটা নিশ্চিত করছেন যে, আমাদের কমিউনিটি, পাওয়ার গ্রিড এবং পরিবেশের উপর দীর্ঘস্থায়ী প্রভাব ফেলতে পারে এমন কোনো সিদ্ধান্ত নেওয়ার আগেই আমরা যেন বিষয়টি সঠিকভাবে সম্পন্ন করতে পারি। নির্বাচিত জনপ্রতিনিধি, স্টেকহোল্ডার এবং কমিউনিটি নেতাদের আলোচনায় একত্রিত করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এর প্রশংসা করি। লং আইল্যান্ডের একটি অনন্য দৃষ্টিভঙ্গি রয়েছে এবং এই সহযোগিতামূলক প্রক্রিয়াটি এমন একটি কাঠামো তৈরি করতে সহায়তা করবে যা আগামী প্রজন্মের জন্য আমাদের বাসিন্দা, প্রাকৃতিক সম্পদ এবং অবকাঠামোকে রক্ষা করার পাশাপাশি অর্থনৈতিক সুযোগকে সমর্থন করবে।"

ব্রুকহেভেন টাউনের কাউন্সিল সদস্য Jonathan Kornreich (জোনাথন কর্নরাইখ) বলেন, "হাইপারস্কেল ডেটা সেন্টারের বিষয়ে একটি গুরুতর এবং দায়িত্বশীল পদক্ষেপ নেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এর প্রশংসা করি। তার নির্বাহী আদেশটি বিচক্ষণতার সাথে স্বীকার করে যে, এই স্থাপনাগুলো শক্তির চাহিদা, জলের ব্যবহার, জলের গুণমান, বায়ুর গুণমান, করদাতাদের সুরক্ষা এবং কমিউনিটির উপর প্রভাব সম্পর্কে গুরুতর প্রশ্ন উত্থাপন করে। আমি বিশেষভাবে প্রশংসা করি যে, স্টেট সরকার খতিয়ে দেখছে ডেটা সেন্টারগুলো তাদের শক্তির জন্য বেশি অর্থ প্রদান করবে নাকি নিজেরাই তা সরবরাহ করবে এবং গভর্নর একটি গ্রিড অ্যাক্সিলারেশন ফান্ড গঠনের কথা বিবেচনা করছেন, যাতে বিপুল সংখ্যক বেসরকারি ব্যবহারকারী গ্রিডে বিনিয়োগে সহায়তা করে এবং সাধারণ নিউ ইয়র্কবাসীদের সেই খরচ বহন করতে না হয়। ব্রুকহেভেন টাউনে, আমরা আমাদের নিজেদের সম্প্রতি গৃহীত স্থগিতাদেশের মাধ্যমে এই একই প্রশ্নগুলোর অনেকগুলোই জিজ্ঞাসা করে আসছি। লং আইল্যান্ডে, যেখানে আমরা একটিমাত্র ভূগর্ভস্থ জলাধার এবং একটি সীমাবদ্ধ আঞ্চলিক পাওয়ার গ্রিডের উপর নির্ভরশীল, সেখানে এই আকারের প্রকল্পগুলো এগিয়ে যাওয়ার আগে আমাদের সুস্পষ্ট নিয়মকানুন প্রতিষ্ঠা করতে হবে। আমরা এ নিয়েও উদ্বিগ্ন ছিলাম যে, শুধু ব্রুকহেভেনের ওপর একটি স্থগিতাদেশ উন্নয়নের চাপকে পার্শ্ববর্তী টাউনগুলোর দিকে ঠেলে দিতে পারে, যদিও ভূগর্ভস্থ জলস্তর এবং পাওয়ার গ্রিড আমাদের সকলের ব্যবহৃত আঞ্চলিক সম্পদ। সরকারে একজন শক্তিশালী অংশীদার হওয়ার জন্য এবং স্থানীয় কমিউনিটিগুলোকে যে একা এই সমস্যাগুলোর মোকাবেলা করতে হবে না, তা উপলব্ধি করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই। তার নির্বাহী আদেশ ব্রুকহেভেনের মতো টাউনগুলোকে দায়িত্বশীলভাবে পরিকল্পনা করার জন্য প্রয়োজনীয় সময় এবং সহায়তা প্রদান করে, পাশাপাশি একটি অঞ্চল হিসাবে লং আইল্যান্ডকে রক্ষা করতেও সহায়তা করে।"

AARP নিউ ইয়র্ক স্টেট ডিরেক্টর Beth Finkel (বেথ ফিঙ্কেল) বলেন, "এমন এক সময়ে যখন বহু নিউ ইয়র্কবাসী মৌলিক চাহিদা মেটাতে হিমশিম খাচ্ছেন, তখন তাদের বিশাল ডেটা সেন্টারগুলির বিপুল শক্তির চাহিদার জন্য অর্থ প্রদানে বাধ্য করা উচিত নয়। উচ্চ ইউটিলিটি বিলের কারণে বয়স্ক নিউ ইয়র্কবাসীদের মধ্যে প্রায় অর্ধেক মুদিখানার খরচ, ব্যক্তিগত পরিচর্যা এবং যাতায়াতের মতো মৌলিক খরচ কমিয়ে দিয়েছেন, অন্যদিকে 17 শতাংশ ডাক্তারের দেওয়া ওষুধপত্র সহ চিকিৎসা বাবদ ব্যয় হ্রাস করেছেন। AARP নিউইয়র্ক, নিউইয়র্কের এনার্জি পলিসির কেন্দ্রবিন্দুতে ভোক্তা সুরক্ষা এবং ক্রয়ক্ষমতাকে স্থাপন করার জন্য গভর্নর Hochul (হোকল) এর নির্বাহী আদেশ 62-কে স্বাগত জানায়।"

নাসাউ কাউন্টি ভিলেজ অফিসিয়ালস অ্যাসোসিয়েশনের (Nassau County Village Officials Association) প্রেসিডেন্ট মেয়র Steven Weinberg (স্টিভেন ওয়াইনবার্গ) বলেন, "ডেটা সেন্টার স্থগিতাদেশটি গ্রাম এবং স্থানীয় পৌরসভাগুলিকে ক্রমবর্ধমান ব্যবহারের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ এবং জল পরিকাঠামোর উন্নতির পরিকল্পনা করার, আমাদের বাসিন্দাদের ইউটিলিটি বিলের উপর প্রভাব মোকাবেলা করার এবং যেকোনো ডেটা সেন্টারের আবেদন গ্রামের জোনিং এবং অনুমতি প্রক্রিয়া অনুসারে হওয়ার জন্য গুরুত্বপূর্ণভাবে সুযোগ করে দেয়, যা গ্রাম এবং তাদের বাসিন্দাদের প্রয়োজনীয় কমিউনিটির সুবিধা এবং উন্নতির সুযোগ করে দেয়। সরকারের ব্যবহারের জন্য ডেটা সেন্টারগুলো যে স্বল্প ও দীর্ঘমেয়াদী সমস্যা তৈরি করে, তা বোঝা এবং সমাধানের পরিকল্পনা করার জন্য সময় দেওয়ায় আমরা গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বের প্রশংসা করি।"

নিউ ইয়র্কের নেচার কনজারভেন্সির সিনিয়র পলিসি অ্যাডভাইজার Kevin McDonald (কেভিন ম্যাকডোনাল্ড) বলেন, "ডেটা সেন্টার বিষয়ে সম্প্রতি ঘোষিত নির্বাহী পদক্ষেপ নিয়ে আলোচনা করার জন্য আমাদেরকে আমন্ত্রণ জানানোর জন্য গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ। আজকের গোলটেবিল বৈঠকটি ছিল লং আইল্যান্ডবাসীদের কাছ থেকে ডেটা সেন্টারের সম্ভাব্য প্রভাব এবং নিউ ইয়র্কের অর্থনৈতিক উন্নয়ন কার্যক্রমের পাশাপাশি সেই প্রভাবগুলো কীভাবে মোকাবেলা করা যেতে পারে, সে সম্পর্কে শোনার একটি সুযোগ। নিউইয়র্কের দ্য নেচার কনজারভেন্সি একটি শক্তিশালী নিয়ন্ত্রক কাঠামোর উন্নয়নের প্রত্যাশা করে, যেখানে প্রভাব প্রশমনের জন্য প্রয়োজনীয় শর্তাবলী অন্তর্ভুক্ত থাকবে এবং বনায়ন, প্রাকৃতিক সম্পদ পুনরুদ্ধার ও বন্যপ্রাণীর আবাসস্থল সুরক্ষার মতো সংরক্ষণমূলক প্রকল্পে বিনিয়োগকে নির্দেশিত করা হবে। এই ধরনের বিনিয়োগের মাধ্যমে আমরা নিশ্চিত করতে পারি যে, নিউ ইয়র্কবাসীর ভবিষ্যৎ প্রজন্ম যে ভূমি, বায়ু ও জলের ওপর নির্ভরশীল, তা সংরক্ষিত থাকবে।"

গ্রুপ ফর দ্য ইস্ট এন্ড-এর প্রেসিডেন্ট Bob DeLuca (বব ডেলুকা) বলেন, "আমরা গভর্নরের নেতৃত্বের প্রশংসা করি, কারণ তিনি স্থানীয় কমিউনিটির কথা শোনার অপরিহার্য গুরুত্ব উপলব্ধি করেছেন এবং লং আইল্যান্ডে ডেটা সেন্টার স্থাপন ও নির্মাণের ভবিষ্যতের ক্ষেত্রে তথ্যভিত্তিক পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণকে উৎসাহিত করছেন। যদি আমরা আমাদের লং আইল্যান্ডের জীবনধারা রক্ষা করতে চাই এবং আমাদের ভঙ্গুর জল সরবরাহ ও অতিরিক্ত ভারাক্রান্ত অবকাঠামোকে দায়িত্বের সাথে পরিচালনা করতে চাই, তাহলে আমাদের অবশ্যই এই নতুন শিল্প ব্যবহারের প্রভাবগুলি বোঝার জন্য প্রয়োজনীয় সময় নিতে হবে, জনসাধারণকে রক্ষা করার জন্য স্পষ্ট নির্দেশিকা তৈরি করতে হবে এবং ডেটা সেন্টার প্রস্তাবের এই ক্রমবর্ধমান জোয়ারের বিষয়ে আমাদের স্থানীয় সরকারের পর্যালোচনাকে অবহিত করতে হবে।"

লং আইল্যান্ড ফার্ম ব্যুরোর নির্বাহী পরিচালক Bill Zalakar (বিল জালাকার) বলেন, "আমাদের ফার্ম ব্যুরো কমিউনিটি ডেটা সেন্টারের উপর গভর্নরের স্থগিতাদেশকে জোড়ালোভাবে সমর্থন করে।" আমাদের ভূমি, জল, বিদ্যুৎ এবং প্রাকৃতিক সম্পদ আমাদের সকলের জন্য এতটাই গুরুত্বপূর্ণ যে, এর ফলে আমাদের পরিবেশ ও অর্থনীতির উপর কী প্রভাব পড়বে তা সম্পূর্ণরূপে বোঝার জন্য আমাদের একটু বিরতি নেওয়া প্রয়োজন। কৃষি উৎপাদনে

এই সম্পদগুলো এতটাই গুরুত্বপূর্ণ যে আমাদের খাদ্য সরবরাহের ভবিষ্যৎ যাতে বিপন্ন না হয় তা নিশ্চিত করতে হবে।"

মাইনরিটি মিলেনিয়ালস (Minority Millennials)-এর প্রেসিডেন্ট Dan Lloyd (ড্যান লয়েড) বলেন, "এই বিরতি বিচক্ষণ নেতৃত্বের পরিচায়ক, প্রযুক্তির বিরোধিতা নয়। নিউইয়র্ক একটি সুস্পষ্ট মানদণ্ড স্থাপন করে সারা দেশে পথ দেখাচ্ছে: যদি AI ডেটা সেন্টারগুলো আমাদের কমিউনিটি থেকে শক্তি সংগ্রহ করে, তবে তাদের অবশ্যই শিক্ষা, শিক্ষানবিশি এবং কর্মজীবনের সুযোগের মাধ্যমে আমাদের জনগণের উপর এবং সেইসাথে আমাদের সুরক্ষাকারী অবকাঠামোতে বিনিয়োগ করতে হবে, যার মধ্যে রয়েছে শক্তি উদ্ভাবন, দক্ষতা, সঞ্চয় এবং ক্লোজড-লুপ কুলিং। এটিই সুশাসন: উদ্ভাবনকে আপন করে নেওয়া এবং একই সাথে আমাদের বিদ্যুৎ ও জলের সরবরাহ ব্যবস্থা ও জীবনযাত্রার মান উন্নত করা, যা আগামী প্রজন্মের উপকারে আসবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন